তারিখ ... 01 FEB 2016
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৫ ...

দৈনিক
ইত্তেফাক

জেএসসির ফলাফল পুনঃনিরীক্ষণ

# কুমিল্লা বোর্ডে ৩২০ জনের ফল পরিবর্তন

■ কুমিল্লা প্রতিনিধি

কুমিল্লা শিক্ষা বোর্ডের জেএসসি পরীক্ষার পুনঃনিরীক্ষণের ফলাফলে ৩২০ জনের ফল পরিবর্তন হয়েছে। এর মধ্যে নতুন করে জিপিএ-৫ পেয়েছে ৭৪ জন এবং ফেল থেকে পাস করেছে ৮০ জন পরীক্ষার্থী।

বোর্ড সূত্রে জানা যায়, গত বছরের ৩১ ডিসেম্বর কুমিল্লা বোর্ডে জেএসসি পরীক্ষার ফলাফলে ৯২.৫১ শতাংশ শিক্ষার্থী পাস করে। ২ লাখ ৪১ হাজার ৫৪১ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে পাস করেছিল ২ লাখ ২৩ হাজার ৪৫৩ জন।

কুমিল্লা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কায়সার আহমেদ গতকাল রবিবার দুপুরে সাংবাদিকদের জানান, এ বছর জেএসসির ফল প্রকাশের পর ফল চ্যালেঞ্জ করে পুনঃনিরীক্ষার জন্য ৯ হাজার ৯০৩ জন পরীক্ষার্থী আবেদন করে। এতে ৩২০ জনের ফলাফল পরিবর্তন হয়েছে। এদের মধ্যে নতুন করে জিপিএ-৫ পেয়েছে ৭৪ জন এবং ফেল থেকে পাস করেছে ৮০ জন পরীক্ষার্থী। এছাড়া অবশিষ্টরা বিভিন্ন গ্রেডে পাস করেছে।